

গোপালগঞ্জ জেলায় বিদ্যুৎ বন্ধের বিজ্ঞপ্তি

বাংলাদেশ রেলওয়ের একটি নতুন লাইন নির্মাণের প্রয়োজনে ইতিপূর্বে মাদারীপুর-গোপালগঞ্জ ১৩২ কেভি সঞ্চালন লাইনের ১৫০ ও ১৫১ নং টাওয়ারের মধ্যবর্তী স্প্যানের উচ্চতা বৃদ্ধির লক্ষ্যে বিদ্যুতের বাইপাস লাইন নির্মাণ করা হয়েছিল। উক্ত স্থানে নতুন দুইটি টাওয়ারও নির্মাণ করা হয়েছে। ইতোমধ্যে নবনির্মিত টাওয়ারের সাথে একটি অংশের সংযোগ প্রদান করা হয়েছে। অবশিষ্ট অংশে আগামী ১৯/০১/২০১৮ খ্রিঃ, রোজ শুক্রবার সংযোগ প্রদানের কাজ করা হবে। বর্ণিত কাজ সম্পন্নের লক্ষ্যে আগামী ১৯/০১/২০১৮ খ্রিঃ, রোজ শুক্রবার, সকাল ০৮:০০ ঘটিকা হতে বেলা ২:০০ ঘটিকা পর্যন্ত মাদারীপুর-গোপালগঞ্জ ১৩২ কেভি সঞ্চালন লাইনটি সাট ডাউন থাকবে। এতে সমগ্র গোপালগঞ্জ জেলায় বিদ্যুৎ সরবরাহ বন্ধ থাকবে।

গোপালগঞ্জ এলাকার জনসাধারণের সাময়িক অসুবিধার জন্য পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিঃ আন্তরিকভাবে দুঃখিত এবং উক্ত কাজে সকলের সহযোগিতা কামনা করছে।

হেলাল উদ্দিন

নির্বাহী প্রকৌশলী, জিএমডি, ফরিদপুর